গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট এফ-১/এ, আগারগাঁও,
শের-ই-বাংলানগর, ঢাকা।

ই-মেইল/জিইপি
জরুরী বিবেচ্য

**[ মূসক নীতি অনুবিভাগ ]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৬.০০২.১৮/১৬৬৬৭) তারিখঃ ২৫ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ **২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণার পূর্বে ও পরে পালনীয় নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ, বৃহস্পতিবার বিকাল ৩:০০ টায় মাননীয় অর্থমন্ত্রী মহান জাতীয় সংসদে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় বাজেট পেশ করবেন। বাজেট পেশের পূর্বে এবং পরে মাঠ পর্যায়ের সকল কমিশনারেট, সকল বিভাগীয় দপ্তর ও সার্কেল দপ্তরের করণীয় বিষয়াদি সম্পর্কে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো:

(১) মূল্য সংযোজন কর (মূসক) কর্মকর্তাগণ বাজেট ঘোষণার পূর্ববর্তী দিন অর্থাৎ ৩১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কমিশনারেটের আওতাধীন সম্পূরক শুল্ক আরোপযোগ্য (সম্ভাব্য) সকল করদাতা, পণ্য সরবরাহকারীর প্রাঙ্গণ পরিদর্শন এবং পণ্যের সমাপণী স্থিতি বিষয়ে সংশ্লিষ্ট রেজিস্টারে প্রত্যয়ন ও দস্তখত করবেন;

(২) বাজেট পেশের পূর্ববর্তী দিন মূসক ও সম্পূরক শুল্ক প্রদানকারী বিভিন্ন ইউনিটের ক্রয় ও বিক্রয় রেজিস্টারসমূহের সর্বশেষ সরবরাহের/খালাসের নীচে লাল কালি দ্বারা রেখা টেনে তারিখ ও সময় উল্লেখপূর্বক স্বাক্ষর করবেন;

(৩) বাজেট পেশকালে বাজেটের বিভিন্ন প্রস্তাবনা বাজেট সংক্রান্ত দলিলাদি প্রাপ্তির পূর্বেই বাজেটে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে ত্বরিৎ ব্যবস্থা গ্রহণের জন্য সদর দপ্তর, সকল বিভাগ ও সার্কেলের সকল কর্মকর্তা/কর্মচারীদের স্ব-স্ব নির্ধারিত পোশাক পরিহিত অবস্থায় নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;

(৪) বাজেট পেশের পর পরই তাৎক্ষণিকভাবে বাজেটে গৃহীত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাজেটের নির্দেশনা সঠিকভাবে অনুধাবন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;

(৫) সদর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে বাজেট পেশের সময় সদর দপ্তরের সম্মেলন কক্ষে বাজেট পেশ শেষ না হওয়া পর্যন্ত উপস্থিত থাকতে হবে;

(৬) বাজেট পেশকালে মাননীয় অর্থমন্ত্রীর ঘোষণা অনুসরণ করে যেসব পণ্য/সেবার ক্ষেত্রে মূসক/সম্পূরক শুল্ক নতুনভাবে আরোপ বা মূসক হার বৃদ্ধি অথবা সম্পূরক শুল্ক বৃদ্ধির প্রস্তাব করা হবে, সেসব পণ্য উৎপাদনকারী বা সেবা প্রতিষ্ঠান সনাক্তকরণপূর্বক তাদের সরবরাহযোগ্য/খালাসযোগ্য পণ্য বা সেবার প্রকৃত মজুদের হিসাব গ্রহণ করতে হবে। রাজস্ব ফাঁকির কোন সম্ভাবনা থাকলে সুনির্দিষ্ট পণ্যাগারকে সীলমোহরকৃত অবস্থায় রাখার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তবে পরবর্তী কর্মদিবসের মধ্যেই মজুদ গণনা সম্পন্ন নিশ্চিত করতে হবে;

(৭) বাজেট পেশের দিন কোন পণ্য খালাস বা সেবা প্রদান করা হলে বাজেটে প্রস্তাবিত হারে সম্পূরক শুল্ক ও মূসক প্রদেয় হবে;

(৮) কমিশনারেটের অধীন সকল দপ্তরের বাজেট সংক্রান্ত দলিলাদি জাতীয় রাজস্ব বোর্ড হতে সংগ্রহ করতে হবে। অতঃপর উক্ত দলিলাদি বিভাগীয় দপ্তর ও সার্কেল দপ্তরসমূহের মধ্যে বিতরণ করতে হবে;

(৯) কমিশনারেট, বিভাগীয় দপ্তর ও সার্কেল দপ্তরে যানবাহনসমূহ সচল রাখা ও চালকদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(১০) বাজেটের বিভিন্ন প্রস্তাবনা এবং তা বাস্তবায়নের কর্মসূচী নির্ধারণের জন্য ২ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ: সকাল ০৯:৩০ টায় সকল সদর দপ্তরের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করতে হবে। উক্ত আলোচনা সভায় সংশ্লিষ্ট কমিশনার ও তাঁর আওতাধীন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন;

(১১) বাজেট দলিলাদি পর্যালোচনা করে এ বিষয়ে কোন মতামত ও পরামর্শ থাকলে তা লিখিতভাবে আগামী ১০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই জাতীয় রাজস্ব বোর্ডে মতামত প্রেরণ করতে হবে।

০২। বাজেট পেশের পূর্বে এবং অব্যবহিত পরে সরকারের ঘোষিত রাজস্ব নীতি বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং, এখন থেকে ১৫ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কোন কর্মকর্তা ও কর্মচারীকে অত্যন্ত জরুরী প্রয়োজন ব্যতীত কোন প্রকার ছুটি গ্রহণ বা প্রদান বা কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ বা প্রদান না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উপরে-বর্ণিত নির্দেশনা ছাড়াও যেকোন জরুরী প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

স্বাঃ/-

[ মোহাম্মদ হাসমত আলী ]
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ +৮৮০২২২২২১৭৭৪২
E-mail: hasmat2005@gmail.com.com

**প্রাপক: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। প্রেসিডেন্ট, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, প্লট এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা।

২-১৩। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)।

১৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ অধিদপ্তর, ঢাকা।

১৫। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ১২৭ বড়মগবাজার, ঢাকা।

১৬। মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।

১৭। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম।

১৮। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা।

১৯। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-২, ঢাকা।

২০। কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা।

২১-২২। প্রকল্প পরিচালক, বন্ড অটোমেশন প্রকল্প/ন্যাশনাল সিংগেল উইন্ডো প্রকল্প, কাকরাইল, ঢাকা।

২৩। পরিচালক, কাস্টমস ঝুঁকি ব্যবস্থাপনা ও IVAS Administrative Unit, কাকরাইল, ১৬০/এ, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৩। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। মহা পরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে আপলোডকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৬-৭। প্রথম সচিব (মূসক বাস্তবায়ন)/(মূসক নিরীক্ষা ও পরিদর্শন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৫/০৫/২৩

**[ কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ই-মেইল: vatpolicy@gmail.com